

স্মারক নং-১৭.০৪.৭০০০.০০০.৩৬.০০১.২৩- ৬০৭

তারিখঃ ১৫ নভেম্বর ২০২৩ খ্রিঃ

গণবিজ্ঞপ্তি


বাংলাদেশ নির্বাচন কমিশন, নির্বাচন কমিশন সচিবালয় এর ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ/১৫ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের ১৭.০০.০০০০.০৩৪.৩৬.১৯.২৩-৭২২ নং প্রজ্ঞাপন এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২-এর অনুচ্ছেদ ১১ এর দফা (২) অনুসারে আমি এ কে এম গালিভ খাঁন, জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ ও রিটার্নিং অফিসার এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, ৪৩ চাঁপাইনবাবগঞ্জ-১ নির্বাচনি এলাকা হতে জাতীয় সংসদ নির্বাচনের উদ্দেশ্যে নির্বাচন কমিশন ৩০ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ/ ১৫ নভেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে গেজেট প্রজ্ঞাপনের মাধ্যমে ৪৩ চাঁপাইনবাবগঞ্জ-১ নির্বাচনি এলাকার ভোটারগণকে উক্ত নির্বাচনি এলাকা হতে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেন:

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৫ অগ্রহায়ণ ১৪৩০ ৩০ নভেম্বর ২০২৩	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	১৬-১৯ অগ্রহায়ণ ১৪৩০ ০১-০৪ ডিসেম্বর ২০২৩	শুক্রবার-সোমবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	:	২০-২৪ অগ্রহায়ণ ১৪৩০ ০৫-০৯ ডিসেম্বর ২০২৩	মঙ্গলবার-শনিবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	:	২৫-৩০ অগ্রহায়ণ ১৪৩০ ১০-১৫ ডিসেম্বর ২০২৩	রবিবার-শুক্রবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	০২ পৌষ ১৪৩০ ১৭ ডিসেম্বর ২০২৩	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	:	০৩ পৌষ ১৪৩০ ১৮ ডিসেম্বর ২০২৩	সোমবার
(ছ)	ভোটগ্রহণের তারিখ	:	২৩ পৌষ ১৪৩০ ০৭ জানুয়ারি ২০২৪	রবিবার

আগামী ০৭ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাজে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

০২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ৪৩ চাঁপাইনবাবগঞ্জ-১ (শিবগঞ্জ উপজেলা) নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ১৫ অগ্রহায়ণ ১৪৩০/৩০ নভেম্বর ২০২৩ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ০৯:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ ও রিটার্নিং অফিসারের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ) ও উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ ও সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে, শিবগঞ্জ উপজেলা (পৌর এলাকা) এবং উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ ও সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (পৌর এলাকা ব্যতীত শিবগঞ্জ উপজেলা), মনোনয়নপত্র গৃহীত হবে। সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।

তারিখঃ ১ ৫ দিন ১ ১ মাস ২ ০ ২ ৩ বৎসর


(এ কে এম গালিভ খাঁন)
জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ
ও

রিটার্নিং অফিসার
৪৩ চাঁপাইনবাবগঞ্জ-১
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৩
ফোনঃ ০২৫৮৮৮৯৩৩০০ (অফিস)
E-mail: dcchapainawabganj@mopa.gov.bd

স্মারক নং-১৭.০৪.৭০০০.০০০.৩৬.০০১.২৩-১০৭

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
৩. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৪. মহাপরিচালক (গ্রেড-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৫. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৭. উপ-মহাপুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
৮. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৯. মহাব্যবস্থাপক, ফ্রেডিট ইনফরমেশন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
১০. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
১১. পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ
১২. পরিচালক, আনসার ও ভিডিপি, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
১৩. জেলা নির্বাচন অফিসার, চাঁপাইনবাবগঞ্জ
১৪. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, চাঁপাইনবাবগঞ্জ
১৫. জেলা তথ্য অফিসার, চাঁপাইনবাবগঞ্জ [এঁকে গণ বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল]
১৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ ও সহকারী রিটার্নিং অফিসার
১৭. উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ ও সহকারী রিটার্নিং অফিসার
১৮. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য]
১৯. উপজেলা নির্বাচন অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
২০. অফিসার ইন-চার্জ, শিবগঞ্জ মডেল থানা, চাঁপাইনবাবগঞ্জ
২১. উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ
২২. সভাপতি/সেক্রেটারি, জেলা প্রেস ক্লাব, চাঁপাইনবাবগঞ্জ
২৩. নোটিশ বোর্ড।

(এই লগো/স্বাক্ষরিত অফিসে নির্বাচনি এলাকায় সর্বত্র প্রচার ও নিজ কার্যালয়সহ অন্যান্য কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)


১৫/১১/২৩
জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ
ও
রিটার্নিং অফিসার